# আভ্যন্তরীণ নৌযান শ্রমিক (নিয়োগ-নিয়ন্ত্রণ) আইন, ১৯৯২

( ১৯৯২ সনের ৫০ নং আইন )

[১০ নভেম্বর, ১৯৯২]

**আভ্যন্ত্মরীণ নৌযান নিয়ন্ত্রণ ও নৌযানে নিয়োজিত শ্রমিকদের নিয়োগ এবং চাকুরীর শর্তাদি নির্ধারণের উদ্দেশ্যে প্রণীত আইন৷**

যেহেতু আভ্যন্ত্মরীণ নৌযান নিয়ন্ত্রণ এবং নৌযানে নিয়োজিত শ্রমিকদের নিয়োগ এবং চাকুরীর শর্তাদি নির্ধারণের উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১৷ এই আইন আভ্যন্তরীণ নৌযান শ্রমিক (নিয়োগ-নিয়ন্ত্রণ) আইন, ১৯৯২ নামে অভিহিত হইবে৷

**সংজ্ঞা**

২৷ বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই আইনে,-

( ক) “নৌযান” বা আভ্যন্তরীণ নৌযান” অর্থ Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976) এর অধীন রেজিষ্ট্রিকৃত আভ্যন্তরীণ নৌযান;

( খ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

( গ) “মালিক” অর্থ নৌযানের মালিক;

( ঘ) “মজুরী” অর্থ কাজের বিনিময়ে প্রদেয় পারিশ্রমিক;

( ঙ) “শ্রমিক” অর্থ Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976) এর অধীন রেজিষ্ট্রিকৃত আভ্যন্তরীণ নৌযানে যে কোন রকমের কাজ করার জন্য নিযুক্ত শ্রমিক;

(চ) “শ্রম পরিচালক” অর্থ শ্রম পরিচালক হিসাবে সরকার কর্তৃক নিযুক্ত ব্যক্তি।

**নৌযান সম্পর্কিত কতিপয় বিষয়ের দায়িত্ব**

৩। আভ্যন্তরীণ নৌযান সম্পর্কিত নিম্নোক্ত বিষয়াদির দায়িত্ব শ্রম পরিচালকের উপর ন্যস্ত থাকিবে, যথা:-

(ক) শ্রমিক নিয়োগ ও তাহাদের চাকুরীচ্যুতির শর্তাবলী নির্ধারণ;

(খ) বিভিন্ন শ্রেণীর নৌযান নিয়োগতব্য শ্রমিকের সংখ্যা ও তাহাদের কাজের শ্রেণী বিন্যাস;

(গ) শ্রমিকের কাজের সময়, বিশ্রাম, ছুটি এবং অবসরকালীন সুবিধাদি নির্ধারণ;

(ঘ) শ্রমিকের মজুরী নির্ধারণ;

(ঙ) শ্রমিকের চাকুরীর নিরাপত্তা;

(চ) শ্রমিক ও তাহার পরিবারের চিকিতসার জন্য মালিক কর্তৃক গৃহীতব্য ব্যবস্থা;

(ছ) মালিক কর্তৃক শ্রমিকের পে-রোল ও সার্ভিস রেকর্ড সম্পর্কিত নিয়মাবলী;

(জ) শ্রমিকের চাকুরী সংক্রান্ত অন্য যে কোন বিষয়;

(ঝ) নৌযানের শৃংখলা;

(ঞ) নৌযানে মালামাল পরিবহণের সীমা নির্ধারণ।

**নৌযানের সংখ্যা, ইত্যাদি সরবরাহ**

৪। শ্রম পরিচালকের চাহিদা অনুযায়ী প্রত্যেক মালিক তাহার মালিকানাধীন নৌযানের সংখ্যা, উহাদের আকারসহ বিস্তারিত বিবরণ এবং নৌযানে নিয়োজিত শ্রমিকের সংখ্যা সম্পর্কিত তথ্য সরবরাহ করিবেন।

**নৌযান ফি আরোপ, ইত্যাদি**

৫। (১) সরকার প্রত্যেক নৌযানের উপর বাতসরিক নৌযান ফি আরোপ করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন আরোপণীয় ফি বিধিদ্বারা নির্ধারিত হইবে।

(৩) এই ধারার অধীন আরোপিত ফি পরিশোধের জন্য শ্রম পরিচালক মালিকের উপর নোটিশ জারী করিবেন এবং নোটিশে উল্লিখিত তারিখের মধ্যে উহা পরিশোধ করিতে হইবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন জারীকৃত নোটিশে উল্লিখিত তারিখের মধ্যে যদি কোন মালিক ফি পরিশোধ না করেন, তাহা হইলে তাহাকে অপরিশোধিত ফি এর জন্য বিধিদ্বারা নির্ধারিত হারে অতিরিক্ত ফি প্রদান করিতে হইবে।

(৫) এই ধারার অধীন যাবতীয় বকেয়া পাবলিক ডিমান্ড (Public demand) হিসাবে আদায় করা হইবে।

**তদন্ত করা ও তথ্য সংগ্রহের ক্ষমতা**

৬। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে শ্রম পরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা-

(ক) যে কোন ব্যক্তিকে কোন রেকর্ড, দলিলপত্র বা তথ্য পেশের নির্দেশ প্রদান করিতে পারিবেন;

(খ) যুক্তিসংগত সময়ে নৌযানে বা ততসম্পর্কিত যে কোন স্থানে প্রবেশ করিতে পারিবেন;

(গ) নৌযান সম্পর্কিত যে কোন খাতাপত্র, রেকর্ড, রেজিস্টার বা দলিলপত্র পরীক্ষা-নিরীক্ষা করিতে পারিবেন এবং অনুরূপ যে কোন খাতাপত্র, রেকর্ড, রেজিস্টার বা দলিলপত্র তাহার নিকট পেশ করার জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে নির্দেশ প্রদান করিতে পারিবেন;

(ঘ) নৌযান সম্পর্কিত যে কোন বিষয়ে যে কোন ব্যক্তির বক্তব্য বা বিবৃতি রেকর্ড করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, এ দফার অধীন কোন ব্যক্তি এমন কোন প্রশ্নের জবাব দিতে বাধ্য হইবে না যাহাতে তিনি নিজে কোন অপরাধে জড়িত হইতে পারেন।

| | |
|---|---|
| **নির্দেশ পালনে ব্যর্থতার শাস্তি** | ৭। কোন ব্যক্তি এই আইন বা বিধির অধীন প্রদত্ত কোন আদেশ বা নির্দেশ পালনে বা তথ্য সরবরাহে ব্যর্থ হইলে বা কোন তদন্তের সময় তদন্ত কারী কর্মকর্তার সহিত সহযোগিতা না করিলে তিনি অনূর্ধ ৩ মাসের কারাদণ্ডে বা অনূর্ধ ২০ হাজার টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। |
| **অপরাধ বিচারার্থ গ্রহণ ইত্যাদি** | ৮। শ্রম পরিচালক হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির লিখিত অভিযোগ ছাড়া কোন আদালত এই আইনের অধীন কোন মামলা বিচারের জন্য গ্রহণ করিবে না। |
| **অব্যাহতি প্রদানের ক্ষমতা** | ৯। সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোন মালিক বা কোন শ্রেণীর মালিককে এই আইনের যে কোন বা সকল বিধান হইতে অব্যাহতি দিতে পারে। |
| **বিধি প্রণয়নের ক্ষমতা** | ১০। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে। |
| **রহিতকরণ ও হেফাজত** | ১১। (১) The Inland Water Transport (Regulation of Employment) Act, 1965 (E. P. Act III of 1965), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।<br><br>(২) উক্ত Act রহিত হইবার পর-<br><br>(ক) উক্ত Act এর অধীন গঠিত The Inland Water Transport (Regulation of Employment) Board, বলিয়া উল্লিখিত, ভাংগিয়া যাইবে; |

(খ) উক্ত বোর্ডের সকল স্থাবর ও অস্থাবর, তহবিল, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ ও বিনিয়োগ এবং উক্ত সম্পত্তি সম্পর্কিত উহার যাবতীয় অধিকার বা উহাতে উহার যাবতীয় স্বার্থ সরকারের নিকট হস্তান্তরিত ও ন্যস্ত হইবে;

(গ) উক্ত বোর্ড কর্তৃক বা উহার বিরুদ্ধে দায়েরকৃত সকল মামলা-মোকদ্দমা সরকার কর্তৃক বা উহার বিরুদ্ধে দায়েরকৃত মামলা-মোকদ্দমা বলিয়া গণ্য হইবে;

(ঘ) উক্ত বোর্ডের সকল ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা বা উহার সহিত সম্পাদিত সকল চুক্তি সরকারের ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা বা উহার সহিত সম্পাদিত চুক্তি বলিয়া গণ্য হইবে;

(ঙ) উক্ত বোর্ড কর্তৃক নিযুক্ত এবং বোর্ডে কর্মরত সকল কর্মকর্তা বা কর্মচারী Surplus Public Servants Absorption Ordinance, 1985 (XXIV of 1985) এর বিধান মতে নিয়ন্ত্রিত হইবেন:

তবে শর্ত থাকে যে, চুক্তিভিত্তিক বা প্রেষণে নিযুক্ত ও কর্মরত কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে চুক্তি বা প্রেষণের শর্তাবলী প্রযোজ্য হইবে এবং তাহাদের চাকুরী অবসানের জন্য কোন নোটিশ প্রদানের শর্ত থাকিলে বোর্ড বিলুপ্তিই উক্ত নোটিশ বলিয়া গণ্য হইবে৷

Copyright © 2010, Legislative and Parliamentary Affairs Division
Ministry of Law, Justice and Parliamentary Affairs